

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.৬৮০০.০১৭.৯৯.০০১.১৫. ৪৭৮

তারিখ : ১৬ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ।  
৩০ মে, ২০১৮ খ্রিঃ।

বিষয় : নরসিংদী জেলার মনোহরদী উপজেলার কৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের কার্যক্রম আপাতত: স্থগিত রাখা প্রসংগে।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-১০০৭, তারিখ: ২১ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে জেলা প্রশাসকের প্রস্তাব মোতাবেক সূত্রস্থ স্মারকে নরসিংদী জেলার মনোহরদী উপজেলার কৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নিম্নোক্ত তফসীলভুক্ত জমিতে অনুমোদন প্রদান করা হয়েছেঃ

মোজার নাম ও জে. এল নম্বর	খতিয়ান নম্বর	দাগ	শ্রেণী	জমির পরিমাণ
মোজা-কৃষ্ণপুর জে.এল.নং-৩৪	আর এস-৮৪৭	আর এস-১৬৩৮	নাল	০.০৮২৫ একর
		আর এস-১৫৯৩	নাল	০.০৩০০ একর
		আর এস-২৫৪০	নাল	০.০৩০০ একর
		আর এস-১৫৮৫	নাল	০.০৬৭৫ একর
		আর এস-২৫৪২	নাল	০.০৪০০ একর
মোট =				০.২৫ একর

০২। উল্লিখিত অনুমোদনকে চ্যালেঞ্জ করে জনৈক জনাব এস, এম মানসুর উদ্দিন গং হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-২৪/২০১৮ দায়ের করেন (কপি সংযুক্ত)। দায়েরকৃত রীট পিটিশনের শুনানী-অন্তে গত ৩০ জানুয়ারি, ২০১৮ তারিখে উক্ত অনুমোদনের আদেশ কেন অবৈধ ঘোষণা করা হবে না সে মর্মে রুল জারী করে জবাব চাওয়া হয়েছে। পাশাপাশি রীটকারী জনাব এস, এম মানসুর উদ্দিন গং স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয় বরাবর আবেদন করে জানিয়েছেন যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ না করে উক্ত অনুমোদন প্রদান করা হয়েছে। আবেদনকারী বিবেচ্য আবেদনে আরও উল্লেখ করেছেন যে, কৃষ্ণপুর ইউনিয়নের প্রাণকেন্দ্র (ডিসি রোড) সংলগ্ন বীরগাঁও চৌরাস্তা বাজারের সাথে ০.২৫ একর জমি কৃষ্ণপুর ইউনিয়ন পরিষদের নামে গত ০৩/০৭/২০১৭ তারিখে রেজিস্ট্রি করে দেয়া হয়েছে। জায়গাটি ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য উপযুক্ত স্থান। আবেদনকারী তাঁর আবেদনে বর্ণিত স্থানে ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানিয়েছেন।

০৩। স্থানীয় সরকার বিভাগের ৩০/০৫/২০১৮ তারিখের ৪৭৭ নং স্মারকে নরসিংদী জেলার মনোহরদী উপজেলার কৃষ্ণপুর ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের স্থানের প্রশাসনিক অনুমোদন প্রদানকৃত স্থান এবং এতদসংগে প্রেরিত রীটকারী জনৈক এস, এম মানসুর উদ্দিন গং এর আবেদনে উল্লিখিত স্থান দু'টি স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৬৮৫ নং স্মারকে জারীকৃত পরিপত্রের শর্ত অনুসরণপূর্বক পরিদর্শন করে মতামতসহ বাস্তবসম্মত প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, নরসিংদীকে অনুরোধ করা হয়েছে (কপি সংযুক্ত) এবং রীট মাফলা নং-২৪/২০১৮ এর দফাওয়ারী জবাব আদালতে দাখিল করে শুনানীর কার্যক্রম চলমান রয়েছে।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত পুনঃতদন্ত কার্যক্রম এবং স্থানীয় সরকার বিভাগের জবাবের আলোকে রীট পিটিশন নং-২৪/২০১৮ এর পরবর্তী শুনানী না হওয়া পর্যন্ত কৃষ্ণপুর ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের টেন্ডার কার্যক্রম আপাতত: স্থগিত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে।

(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

প্রধান প্রকৌশলী

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি :

০১। প্রকল্প পরিচালক, ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ প্রকল্প(২য় পর্যায়), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি ভবন, ঢাকা

০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগেরওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪। জনাব এস এম মানসুর উদ্দিন, পিতা: আমির উদ্দিন শেখ, বীরগাঁও, কৃষ্ণপুর, মনোহরদী, নরসিংদী।

০৫। অফিস কপি।